দৈনিক ইনকিলাব

তারিখ ..13 SEP 1992..
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

19

# সরকারের ছত্রছায়ায় সন্ত্রাসীরা শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস চালাচ্ছে

## —শেখ হাসিনা

গোপালগঞ্জ, ১২ সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।- আওয়ামী লীগ সভানেত্রী ও সংসদে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা বলেছেন, সন্ত্রাস আজ সমাজের রন্ধ্রে রন্ধ্রে ছেয়ে গেছে। আজ যদি শিক্ষা প্রতিষ্ঠান হতে সন্ত্রাস নির্মূল না করা যায় তা হলে কত মায়ের কোল খালি হবে তার হিসাব নেই। তিনি বলেন, যে-কোন প্রকারেই হোক সমাজ হতে সন্ত্রাস নির্মূল করতে হবে।

আজ রাত ৮টায় টুঙ্গিপাড়া যাবার পথে গোপালগঞ্জ জেলা আওয়ামী লীগ কার্যালয় চত্বরে এক সমাবেশে শেখ হাসিনা একথা বলেন। জেলা আওয়ামী লীগ সভাপতি মোঃ আলী খান (আবু মিয়া) সমাবেশে সভাপতিত্ব করেন। জেলা সাধারণ সম্পাদক শেখ মোঃ আবদুল্লাহও সমাবেশে বক্তব্য রাখেন।

শেখ হাসিনা বলেন, সরকারের ছত্রছায়ায় সন্ত্রাসীরা শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস চালাচ্ছে। সরকার ছাত্রদের হাতে অস্ত্র দিয়ে তাদের মেধা নষ্ট করেছে। ছাত্রদের হাতে অস্ত্র দিয়ে কোন কল্যাণ হয় না।

আওয়ামী লীগ সভানেত্রী বলেন, আমি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাস বন্ধ করার জন্য

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

**শেখ হাসিনা** প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ে ছাত্র লীগের কার্যক্রম স্থগিত করেছিলাম। কিন্তু এ সরকার তখন ছাত্র দলের কার্যক্রম বন্ধ করেনি; বরং তাদের হাতে অস্ত্র দিয়ে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস চালাতে উৎসাহিত করেছিলো। তিনি বলেন, ইলিয়াস আলী গ্রেফতার হয়েছে, শোনা যাচ্ছে তাকে মন্ত্রীর বাড়ী হতে গ্রেফতার করা হয়েছে। তিনি বলেন, এই ইলিয়াসকে লণ্ডনসহ বিভিন্ন দেশে প্রধানমন্ত্রী সফরসঙ্গী করেছিল।

ইমদুকেও মন্ত্রীর বাড়ী থেকে গ্রেফতার করা হয়েছিল। শেখ হাসিনা বলেন, '৯০-এর ডাকসু নির্বাচনের পর এরাই ছাত্রী মিছিলে হামলা চালিয়েছিল। তিনি বলেন, সরকারের দেয়া অস্ত্র দিয়ে আজ ছাত্র দলের মধ্যে আত্মঘাতী সংঘর্ষ শুরু হয়েছে। সরকার আত্মঘাতী এ সংঘর্ষ বন্ধ করার জন্য আজ বিশ্ববিদ্যালয়ে ছাত্র দলের কার্যক্রম বন্ধ রেখেছে। কমিটি বিলুপ্ত করেছে। তিনি বলেন; দেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে সন্ত্রাসী খুঁজে বের করে, এ সরকারকে চাপ দিয়ে সন্ত্রাসীদের হল ত্যাগ করাতে বাধ্য করবোই। শিক্ষা প্রতিষ্ঠানে স্থিতিশীলতা ও শিক্ষার পরিবেশ যে-কোন মূল্যে পুনরুদ্ধার করবোই।

শেখ হাসিনা বলেন, সব কিছু দলীয়করণ করার ফলে দেশে সন্ত্রাস ঘুষ দুর্নীতি বেড়েছে।